



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২১২ ৪৫

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং বামাশিবো/প্রশা/নারায়নগঞ্জ-৪৯/ ১৭০৮/৪

তারিখঃ ১১/১২/২০১৬খ্রিঃ


বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক সিভিল রিভিশন নং- ২৬০৯/২০১৬ এ প্রদত্ত আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ আবু নোমান মুহাম্মদ অলী উল্লাহ এর আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, নারায়নগঞ্জ জেলার ফতুল্লা উপজেলাধীন বক্তাবলী ইসলামিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ আবু নোমান মুহাম্মদ অলী উল্লাহ মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক সিভিল রিভিশন নং- ২৬০৯/২০১৬ এ প্রদত্ত আদেশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কাগজপত্রসহ আবেদন করেছেন। সিভিল রিভিশন নং- ২৬০৯/২০১৬ এ প্রদত্ত মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ ও সংশ্লিষ্ট মাদরাসা সংক্রান্ত নথি পর্যালোচনাপূর্বক মতামত প্রদানের জন্য অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়।

২) বিজ্ঞ আইন উপদেষ্টা বিস্তারিত পর্যালোচনাস্তে “মাদরাসার অধ্যক্ষকে চূড়ান্ত বরখাস্তকরণ সংক্রান্ত কমিটির সিদ্ধান্তের পূর্বে বোর্ডের অনুমোদন নেওয়া হয় নাই ও আপাততঃ দৃষ্টিতে তদন্ত প্রক্রিয়া যথাযথ না হওয়ায় হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্তরূপ বরখাস্তের কার্যকারিতা স্থগিত করেছেন মর্মে প্রতীয়মান হয়। বর্ণিত অবস্থায় হাইকোর্ট বিভাগের ১৬/০৮/২০১৬খ্রিঃ তারিখের সিভিল রিভিশন নং- ২৬০৯/২০১৬ মোতাবেক সুপার পদে আবু নোমান মুহাম্মদ অলী উল্লাহ দায়িত্ব পালন করবেন” মর্মে মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায় বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের আলোকে সুপার পদে আবু নোমান মুহাম্মদ আলী দায়িত্ব পালন করবেন মর্মে সকলকে অবহিত করা হলো।


১৭/১২/১৬

মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৮৬২৫৯২১

প্রাপকঃ ১) সভাপতি-গভার্ণিং বডি, বক্তাবলী ইসলামিয়া আলিম মাদরাসা, ফতুল্লা, নারায়নগঞ্জ।

২) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), বক্তাবলী ইসলামিয়া আলিম মাদরাসা, ফতুল্লা, নারায়নগঞ্জ।

নং বামাশিবো/প্রশা/নারায়নগঞ্জ-৪৯/

তারিখঃ ১২/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ফতুল্লা, নারায়নগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, নারায়নগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফতুল্লা, নারায়নগঞ্জ।
৪. জনাব আবু নোমান মুহাম্মদ অলী উল্লাহ, অধ্যক্ষ, বক্তাবলী ইসলামিয়া আলিম মাদরাসা, ফতুল্লা, নারায়নগঞ্জ।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯৬৭৪৮৭৪